



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Worksheet - 12
Class : 2

Subject : Bengali Grammar

Date : 30.04.2020

Topic : ভাষা (সাধু ও চলিতভাষা), বোধ - পরীক্ষণ

১) শূন্যস্থান পূরণ কর।

- ক) মানুষ যে ভাষায় কথা বলে, তাকে _____ ভাষা বলে।
খ) ভাষা আছে বলেই মানুষ _____ ভাবনা করতে পারে।
গ) বাংলা ভাষার _____ উপভাষা আছে।
ঘ) মানুষের মুখের অর্থপূর্ণ কথাকেই _____ বলে।
ঙ) পশ্চিমবঙ্গের প্রধান ভাষা হল _____।

২) নীচের সাধুভাষার শব্দগুলিকে চলিত ভাষায় লেখ।

- ক) নাই
খ) বলিতে থাকিব
গ) সমুদ্র
ঘ) লিখিয়া
ঙ) করিব

৩) সঠিক উত্তরটির মাথায় (✓) চিহ্ন দাও।

- ক) 'দেখিয়াছি' কথার চলিত রূপ হল — দেখেছি / দেখিব।
খ) 'কেউ কেউ' কথার সাধুরূপ হল — যে কেহ / কেহ কেহ।
গ) 'তাহারা' কথার চলিত রূপ হল — তার / তারা।
ঘ) 'যারা' কথার সাধুরূপ হল — যাহারা / যাদের।
ঙ) 'চাহিয়া' কথার চলিত রূপ হল — চেয়ে / চাওয়া।

৪) নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

তৃষ্ণার্ত এক পিঁপড়ে নদীর জলে মুখ দিতেই তাকে স্রোতে ভাসিয়ে নিয়ে গেলো। একটি ঘুঘুপাখি তা দেখতে পেয়ে পিঁপড়ের সামনে একটি গাছের পাতা ফেলে দিলো। পিঁপড়ে সেই পাতায় চড়ে বসে প্রাণ বাঁচালো। কিছুদিন পরে পিঁপড়ে দেখতে পেলো একজন শিকারী সেই ঘুঘুপাখিটির দিকে তীর ছুড়তে উদ্যত। কুট করে সে কামড় বসিয়ে দিলো শিকারীর পায়ে। শিকারী উহু করে উঠতেই হাতের তীর গেলো ফসকে আর ঘুঘুপাখি গেলো উড়ে।

ক) পিঁপড়েকে নদীর জলে ভেসে যেতে কে দেখেছিল?

খ) তখন সে কি করেছিল?

গ) পিঁপড়ে কার পায়ে কামড় বসিয়েছিল?

ঘ) শূন্যস্থান পূরণ কর :

শিকারী উহু করে উঠতেই _____ গেলো ফসকে।

ঙ) বাক্য রচনা কর : 'প্রাণ'